

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নম্বর-৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৪৫.২৪- ২৮৬

তারিখ: ০৬ বৈশাখ
চতুর্থ ১৪৩৭
১৬ এপ্রিল ২০২৪

নির্বাচী আদেশ


আগামী ০৮ মে ২০২৪ তারিখে ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১ম পর্যায়ে ১৫২টি উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। পরবর্তীতে কয়েকটি পর্যায়ে অবশিষ্ট উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সরকার জাতির কাছে সাংবিধানিকভাবে দায়বদ্ধ। অবাধ, সুষ্ঠু শান্তিপূর্ণ ও ভয়ভীতিহীন পরিবেশে উক্ত নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশন ইতোমধ্যে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছেন। নির্বাচন কমিশনের এ দায়িত্ব সুচারুরূপে সম্পাদনের জন্য সরকারি অফিস ও সংস্থাসমূহ সকল প্রকার সহযোগিতা করতে আইনতঃ বাধ্য। এ নির্বাচন অনুষ্ঠানে সরকারি সাহায্য-সহযোগিতার পাশাপাশি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নিকট হতেও প্রয়োজনীয় সাহায্য সহযোগিতা অত্যাবশ্যক।

২। নির্বাচনের সময় দেশের সর্বত্র শান্তি-শৃঙ্খলা রক্ষা করা সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের পূর্বশর্ত। নির্বাচনের জন্য শান্তি-শৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব মূলতঃ সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থা/কর্তৃপক্ষের উপর অর্পিত থাকলেও এ ব্যাপারে স্থানীয় জনসাধারণ এবং নেতৃবন্দের সাহায্য ও সহযোগিতা একান্ত প্রয়োজন। শান্তি-শৃঙ্খলা রক্ষার এ তৎপর্যপূর্ণ ভূমিকা পালনের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে জেলা পরিষদ/উপজেলা পরিষদ/পৌরসভা/ইউনিয়ন পরিষদসমূহের দায়িত্ব বিশেষ গুরুত্বপূর্ণ।

৩। উল্লিখিত প্রেক্ষাপটে দেশের সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ আসন্ন ৬ষ্ঠ উপজেলা পরিষদের নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত দায়িত্ব পালন করবে:

- (১) স্ব স্ব এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষার্থে আইন-প্রয়োগকারী সংস্থাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- (২) নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে নির্বাচন কমিশন সময়ে সময়ে যে সব আদেশ/নির্দেশ জারি করেছে কিংবা করিবে তা প্রতিপালন;
- (৩) নির্বাচনী মিছিল, সভা ও প্রচারণা যাতে অবাধ ও শান্তিপূর্ণ হয় সে দিকে লক্ষ্য রাখা;
- (৪) কোন নির্বাচনী অফিস বা প্রাতীক বা পোস্টার নষ্ট করার যে কোন প্রচেষ্টা রোধে সামাজিক প্রতিরোধ গঠনে সহায়তা করা;
- (৫) ইউনিয়ন পরিষদ, পৌরসভা, উপজেলা ও জেলা পরিষদসমূহে এমন কোন উন্নয়ন ক্ষিম গ্রহণ ও বাস্তবায়ন করবে না যা ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে কোন প্রার্থীর ভোট প্রাপ্তিতে বা প্রচারণার পক্ষে ব্যবহৃত হতে পারে;
- (৬) ইউনিয়ন পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদসমূহ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অনুদান বা অনুদানের প্রতিশুতি দিতে পারবে না যা কোন প্রার্থীর ভোট প্রাপ্তি বা প্রচারণার কাজে প্রভাব বিস্তার করবে;
- (৭) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন অফিস, যানবাহন এবং অন্যান্য সম্পত্তি কোন প্রার্থীর নির্বাচনের কাজে কোনভাবেই ব্যবহার করা যাবে না। মাশুল পরিশোধ করেও ব্যক্তিগত কাজে কোন যানবাহন ব্যবহার করার অনুমতি দেয়া যাবে না;

- (৮) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ কোন প্রার্থীর নির্বাচনি কাজে বা প্রচারণায় অংশগ্রহণ করতে পারবে না;
- (৯) ভোটকেন্দ্র নির্মাণসহ নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য সকল কাজে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহায়তা প্রয়োজন হলে স্থানীয় সরকার প্রতিষ্ঠান তা প্রদান করবে;
- (১০) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধিগণ তাদের পদমর্যাদা, সরকারি সুযোগ সুবিধা ইত্যাদি কোন প্রার্থীর নির্বাচনি কাজে ব্যবহার করতে পারবেন না।
- ৪। উল্লিখিত স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এ আদেশে বর্ণিত দায়িত্ব পালনে ব্যর্থ হলে, শৈথিল্য প্রদর্শন করলে কিংবা অবহেলা করলে উক্ত স্থানীয় সরকার প্রতিষ্ঠান/জনপ্রতিনিধিদের বিরুদ্ধে সংশ্লিষ্ট অধ্যাদেশ/আইন/বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৫। এ আদেশ জারির তারিখ হতে নির্বাচনের পরবর্তী ১৫ দিন পর্যন্ত বলবৎ থাকবে।



১৬।৮।২০২৪
মুহম্মদ ইব্রাহিম
সচিব

প্রাপক (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। প্রধান নির্বাচী কর্মকর্তা, জেলা পরিষদ,.....(সকল)
- ২। মেয়র পৌরসভা (ক-শ্রেণি), উপজেলা.....জেলা.....
- ৩। উপজেলা নির্বাচী অফিসার, উপজেলাজেলা.....
- ৪। মেয়র পৌরসভা (খ ও গ-শ্রেণি), উপজেলা.....জেলা.....
- ৫। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, উপজেলা.....জেলা.....

নম্বর-৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৪৫.২৪- ২৫৬/৯ (ন)

তারিখ: ০৬ মে ১৪৩৭
১৮ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. বিভাগীয় কমিশনার.....(সকল)
৬. উপ-মহাপুলিশ পরিদর্শক, ----- (সকল)।
৭. জেলা প্রশাসক, ----- (সকল)
৮. পুলিশ সুপার, ----- (সকল)
৯. সিনিয়র/জেলা নির্বাচন অফিসার----- ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)



১৬।৮।২০২৪

(মো: মুস্তাফিজুর রহমান)

উপসচিব

ফোন-০২-২২৩৩৮৩৩৮৭